সাম্প্রদায়িক সম্প্রীতি ছাড়া গণতন্ত্র শক্তিশালী করা যাবে না: নাহিদ



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

দেশে গণতন্ত্রকে সুসংহত করতে হলে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার বিকল্প নেই বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম। তিনি বলেন, অতীতে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর নির্যাতনের ঘটনায় যথাযথ ব্যবস্থা না নেওয়ায় দেশে বিচারহীনতার একটি সংস্কৃতি তৈরি হয়েছিল।

শুক্রবার (৪ সেপ্টেম্বর) জন্মাষ্টমী উপলক্ষে রাজধানীর ঢাকেশ্বরী মন্দিরে সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের এসব কথা বলেন নাহিদ ইসলাম।

তিনি বলেন, দেশের বিচারব্যবস্থা এখনও যথেষ্ট শক্তিশালী নয়। তাই সবার জন্য ন্যায়বিচার নিশ্চিত করতে বিচারব্যবস্থাকে আরও কার্যকর ও শক্তিশালী করা প্রয়োজন।

নাহিদ ইসলাম বলেন, জুলাই সনদ ও গণভোটের মাধ্যমে পাওয়া গণরায় বাস্তবায়ন করা সম্ভব হলে দেশের বিচারব্যবস্থা আরও শক্তিশালী হবে। এর ফলে ধর্ম-বর্ণ নির্বিশেষে সব সম্প্রদায়ের মানুষের ন্যায়বিচার পাওয়ার একটি নির্ভরযোগ্য ব্যবস্থা গড়ে উঠবে বলে তিনি আশা প্রকাশ করেন।

দেশের বর্তমান পরিস্থিতি তুলনামূলকভাবে স্থিতিশীল রয়েছে উল্লেখ করে তিনি বলেন, রাজনৈতিক প্রতিষ্ঠানগুলোকে আরও শক্ত ভিত্তির ওপর দাঁড় করাতে হবে। বাংলাদেশ বহু ধর্ম ও সংস্কৃতির দেশ এবং এই বহুত্ববাদী ঐতিহ্য ধরে রাখার ওপর গুরুত্ব দেন তিনি।

নাহিদ ইসলাম আরও বলেন, কোনো রাজনৈতিক দল সরকারে থাকুক কিংবা বিরোধী দলে, দেশে শান্তি, সৌহার্দ্য ও সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা সবার নৈতিক দায়িত্ব।

তিনি বলেন, বর্তমানে পরিস্থিতি কিছুটা স্থিতিশীল হলেও এই স্থিতিশীলতাকে স্থায়ী ও শক্তিশালী ভিত্তির ওপর প্রতিষ্ঠা করতে রাজনৈতিক প্রতিষ্ঠানগুলোকে আরও কার্যকর করতে হবে।